# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

দরপত্রের নামঃ ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের ট্রান্সফরমার সমুহের তেল পরীক্ষা করণ।

**দরপত্রের পদ্ধতি:  কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ)**

দরপত্রের সূত্রঃ PUR-008 (MPS/RFQ) 2020-2021, তারিখ: ০১/১১/২০২০ইং

দরপত্র জমাদানের শেষ তারিখ: ১১/১১/২০২০

নভেম্বর-২০২০

স্মারক নং ২৭.২৬.৬১৫২.০০৬.০০৭.০০৩.২০. ০০৮ তারিখঃ ০১/১১/২০২০ ইং

## কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ)
## ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের ট্রান্সফরমার সমুহের তেল পরীক্ষা করণ প্রসঙ্গে।

ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ও দ্বিতীয় ফেজে ৩৫/৫০ এমভিএ এর ০৪ টি ও ১২৫০ কেভিএ এর ০২ টি এবং তৃতীয় ফেজে ৭০/১০০ এমভিএ এর ০১ টি ট্রান্সফরমার আছে। ট্রান্সফরমার গুলির তেলের এর গুণগত মান (কোয়ালিটি) সম্পর্কে অবহিত হতে ট্রান্সফরমার তেলের পরীক্ষা করণের নিমিত্তে যথাযথ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজ পত্র যেমন-(১) ট্রেড লাইসেন্স ২) ভ্যাট রেজিঃ/ বিন নাম্বর (১৩ সংখ্যা) এবং (৩) হাল নাগাদ টিআইএন সার্টিফিকেটসহ প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত করে আগামী ১১/১১/২০২০ ইং তারিখের মধ্যে দর প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। দরপত্রের নাম, বিবরণ ও শর্তাবলী নিম্নে দেয়া হলো।

**দরপত্র দাখিল ও সময় সীমাঃ**
আগ্রহী দরদাতাগণকে উপরোক্ত তথ্যাদিসহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ, ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্র, লালকুটির দরবার শরিফ শম্ভুগঞ্জ, ময়মনসিংহ, বরাবর আগামী ১১/১১/২০২০ ইং তারিখে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে বন্ধ খামের উপর "**ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের ট্রান্সফরমার সমুহের বাৎসরিক তেল পরীক্ষা করণ দরপত্র**" লিখে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ঘটিকা – ৫.০০ঘটিকা পর্যন্ত) দরপত্র দাখিল করতে হবে। এছাড়া দরপত্র আহ্বানকারীর ইমেইল (email: rtbt123@yahoo.com) মাধ্যমেও দরপত্র প্রেরণ করা যাবে। ক্রয়তব্য কাজের জন্য প্রয়োজনীয় তথ্য/স্পেসিফিকেশন সংযুক্ত ফরম-১ এ উল্লেখ করা হয়েছে।

**শর্তাবলীঃ**

১.০। **সেম্পল সংগ্রহের স্থানঃ** ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্র, লালকুঠি দরবার শরিফ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

১.১। **দরপ্রস্তাবের মেয়াদঃ** দরপ্রস্তাব দাখিলের শেষ তারিখ/সময় হতে দরপ্রস্তাবের মেয়াদ পরবর্তী ৬০ (ষাট) দিন পর্যন্ত বৈধ থাকতে হবে। দরপত্র প্রদানকারী কর্তৃক প্রদত্ত দর (যদি গৃহীত হয় তবে) চুক্তির সময়কালের জন্য স্থির থাকবে।

১.২। **দর প্রস্তাব দাখিলের ক্ষমতাঃ** দরপ্রস্তাব সংযুক্ত ফরম-১ সঠিকভাবে পূরন করতঃ প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি নাম ও স্বাক্ষরসহ দরপ্রস্তাব দাখিল করতে হবে।

১.৩। **দরপত্র প্রেরণঃ** দরপত্রটি যথাযথ ভাবে পূরণ করে ও অনুমোদিত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠায় যথাযথ ভাবে স্বাক্ষর করে (তারিখসহ) প্রেরণ করতে হবে।

১.৪। **দরপত্রে প্রদত্ত মূল্যঃ** দরপত্রে মুনাফা, পরিবহন খরচ, লেবার চার্জ সহ প্রযোজ্য আইনের অধীনে প্রদেয় সমস্ত প্রকারের কর, শুল্ক, ফি এবং অন্যান্য চার্জ অন্তর্ভুক্তিপূর্বক দর প্রদান করতে হবে। দরপত্রে প্রদত্ত দর "টাকা" তে উল্লেখ করতে হবে। এই ক্রয়াদেশের অধীনে পরবর্তী অর্থ "টাকা"য় প্রদান করা হবে।

১.৫। **কোটেশন সিকিউরিটিঃ** দরপত্র প্রেরণের জন্য দরপত্রের সাথে কোন সিকিউরিটি অর্থ প্রদানের প্রয়োজন নাই।

১.৬। **দরপত্রের সাথে প্রদত্ত দলিলাদিঃ** দরপত্র প্রদানকারীর কার্য চুক্তিতে প্রবেশের জন্য আইনী সক্ষমতা থাকতে হবে। সেই সাথে ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিঃ (বিন নাম্বর - ১৩ সংখ্যা) সার্টিফিকেট এবং হাল নাগাদ টিআইএন সার্টিফিকেটসহ প্রয়োজনীয় তথ্যাদি দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

১.৭। **দরপত্র উন্মুক্ত করন ও ইভ্যালুয়েশনঃ** প্রদত্ত দরপত্রসমূহ উন্মুক্তকরনের জন্য কোন Public Opening সম্পন্ন করা হবে না। দরপত্রসমূহ প্রতিষ্ঠানের ইভ্যালুয়েশন কমিটি দ্বারা নিরীক্ষা করা হবে এবং সর্বনিম্ন রেসপন্সিভ দরদাতাকে ক্রয়কার্য

সম্পাদনের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। প্রদত্ত দরপত্রে কোন গাণিতিক ত্রুটি থাকলে ইভ্যালুয়েশন কমিটি তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

২.০। **কাজ শুরু এবং সমাপ্তির সময়সীমাঃ** আরপিসিএল হতে কার্যাদেশ প্রদানের তারিখ হতে পরবর্তী ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে  সেম্পল সমূহের পরীক্ষা করে প্রতিবেদন দাখিল করতে হবে।

৩.০। **বিল দাখিলঃ** প্রতিবেদন দাখিল (ফরম-১ অনুসারে) করার সময় তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ, ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্র অনুকূলে ১ কপি বিল দাখিল করতে হবে।

৪.০। **বিল পরিশোধঃ** সন্তোষজনক ভাবে (ফরম-১ অনুসারে) কার্য সম্পন্ন করার পর ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্র হতে Work Completion সার্টিফিকেট প্রদানের পর হিসাব খাতে প্রদেয় চেকের মাধ্যমে ১০০% বিল পরিশোধ করা হবে।

৫.০। **ভ্যাট ও ট্যাক্সঃ** সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর উৎসে কর্তন করে বিল পরিশোধ করা হবে এবং টেস্ট রির্পোট প্রদানের সময় অবশ্যই মূসক ৬.৩ চালান দাখিল করতে হবে।

৬.০। **অগ্রিম প্রদানঃ** কৃতকার্য দরদাতাকে কোন অগ্রীম প্রদান করা হবে না।

৭.০। **বিলম্বজনিত জরিমানাঃ** কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে কার্য সম্পাদন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য ০.১০% হিসাবে চুক্তি মূল্যের সর্বোচ্চ ১০% জরিমানা বিল হতে কর্তন করা হবে।

৮.০। **সেম্পল সংগ্রহ ও পরিবহন:**  আরপিসিএল হতে কার্যাদেশ প্রদানের পর ঠিকাদরি প্রতিষ্ঠানের নিজ দায়িত্বে ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্র হতে ট্রান্সফরমারের তেল সংগ্রহ ও পরিবহনের ব্যবস্থা গ্রহন করতে হবে।

৯.০। **বিবিধঃ** চুক্তি সম্পাদনকালীন সময়ে কোন বিরোধ/সমস্যার উদ্ভব হলে চুক্তির শর্তানুযায়ী আরপিসিএল কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১০.০। কোন কারণ ব্যতিরেকে যে কোন দর প্রস্তাব/সকল দরপ্রস্তাব গ্রহন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

| দরপত্র আহবানকারী | দরদাতা |
| --- | --- |
| A.H.M. Rashed<br>SE (Maint) & Plant Incharge<br>Mymensingh Power Station<br>Rural Power Company Ltd<br>নামঃ এ. এইচ. এম. রাশেদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ<br>ময়মনসিংহ পাওয়ার স্টেশন<br>ময়মনসিংহ<br>email: rtbt123@yahoo.com | |

দরপত্র

**[লেটার-হেড প্যাড ব্যবহার করুন]**

বরাবর,
প্রকৌশলী এ. এইচ. এম. রাশেদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ
ময়মনসিংহ পাওয়ার স্টেশন,
লালকুঠি দরবার শরীফ, ময়মনসিংহ।

দরপত্রের সূত্রঃ PUR-008 (MPS/RFQ) 2020-2021, তারিখ: ০১/১১/২০২০ইং

আমি নিম্নস্বাক্ষরকারী, "ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের ট্রান্সফরমার সমুহের তেল পরীক্ষা করন সংক্রান্ত” দরপত্রের সকল নিয়ম ও শর্ত মেনে কাজটি সঠিক ভাবে সম্পাদন করার জন্য প্রস্তাবিত মোট মূল্য প্রদান করিলাম।

প্রদত্ত দরপত্রের প্রস্তাবিত মূল্য (টাকা) [.................................... ...................................................]

কথায়: [..........................................................................................]

আমার প্রস্তাবিত মূল্য দরপত্র দলিলে উল্লেখিত মেয়াদ পর্যন্ত বলবৎ থাকবে এবং দরপত্রের মেয়াদ শেষ হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময় তা গ্রহণ করা যেতে পারে।

আমি ঘোষণা করছি যে আপনার সাথে চুক্তি করার ক্ষেত্রে আমার আইনী কোন জটিলতা নেই। এছাড়া আরো ঘোষনা করছি যে, আমি বা আমার প্রতিষ্ঠান দুর্নীতি, জালিয়াতিপূর্ণ বা জবরদস্তী আচরণে জড়িত থাকার অপরাধে অভিযুক্ত হয়ে বাংলাদেশ সরকার কর্তৃক অযোগ্য ঘোষণা হয়নি।

আমি নিজের নামে একটির বেশি দরপত্র দাখিল করি নাই এবং আমি বা আমার প্রতিষ্ঠান অন্য বা ভিন্ন নামে এই আরএফকিউ প্রক্রিয়াতে একাধিক দরপত্র জমা প্রদান করি নাই। আমি উপলব্ধি করছি যে আপনার দ্বারা জারিকৃত কার্যাদেশটি একটি চুক্তিপত্র হবে যা আমার উপর বাধ্যতামূলক থাকবে।

আমি আপনাদের জারিকৃত আরএফকিউ ডকুমেন্টটি পরীক্ষা করে দেখেছি এবং এর কোনও সংরক্ষণ নেই যার প্রকাশের তারিখঃ [.............................. ...................]

আমি বুঝতে পেরেছি যে আমার উপর কোন দায়বদ্ধতা ছাড়াই সমস্ত দরপত্র প্রত্যাখ্যান বা ক্রয় প্রক্রিয়া বাতিল করার অধিকার আপনার রয়েছে।

দরদাতার স্বাক্ষর ও সিল তারিখ:

**FORM-1**

# Price Schedule for Transformer oil test of MPS.

| S.l no | Description of Items | Unit | Qty | Unit Rate or Price (BDT) | Total Amount (BDT) |
|---|---|---|---|---|---|
| *1* | *2* | *3* | *4* | *5* | *6* |
| 1. | Dissolve Gas Analysis ( DGA)<br>Test Method: ASTM D3612 | Nos | 13 | | |
| 2. | Furan Analysis<br>Test Method: ASTM D5837 | Nos | 13 | | |
| 3. | Corrosive Sulphur<br>Test Method: ASTM D1275 | Nos | 13 | | |
| 4. | Dielectric Dissipation Factor ( Tan d) & Resistivity (at 26 C or 90 C)<br>Test Method: IEC 247 | Nos | 13 | | |
| 5. | Moisture Content<br>Test Method: ASTM D1533 | Nos | 13 | | |
| 6. | Density or Specific Gravity<br>Test Method: ASTM D7042 | Nos | 13 | | |
| 7. | Acid Value (Total Acid Number)<br>Test Method: ASTM D664 | Nos | 13 | | |
| 8. | Flash point<br>Test Method: ASTM D 92 | Nos | 13 | | |
| **Total Amount for purchase of Goods at MPS (inclusive of VAT and all applicable taxes)** | | | | In figure | |
| (Oil Sample collection and Test report to be supplied) | Mymensingh Power Station, Lalkuthi Darbar Sharif, Mymensingh | | | | |
| Total Amount in BDT (in words): | | | | | |
| Supply Period Offered: | | | | | |

| | |
|---|---|
| দর দাখিলকারী প্রতিষ্ঠানের নাম ও সীল | |
| তারিখ : | |